

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

তারিখঃ জুলাই ৩১, ২০১৯  
শ্রাবণ ১৬, ১৪২৬

এসএফডি সার্কুলার লেটার নং-০২/২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের আওতায় সারাদেশে  
ডেঙ্গু জ্বরে আক্রান্তদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট হতে ডিসেম্বর ২২, ২০১৪ তারিখে জারীকৃত জিবিসিএসআরডি সার্কুলার নং-০৭/২০১৪ এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে। দেশের দুর্যোগকালীন যে কোন পরিস্থিতিতে কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) কার্যক্রমের আওতায় আপনাদের অংশগ্রহণমূলক ভূমিকা প্রশংসার দাবী রাখে।

এ প্রসঙ্গে আপনারা অবহিত আছেন যে, দেশের ঢাকা শহরসহ অন্যান্য এলাকায় ডেঙ্গু জ্বরের প্রাদুর্ভাব প্রকট আকার ধারণ করেছে। ফলে ডেঙ্গু জ্বরে আক্রান্ত দরিদ্র ও অসহায় রোগীদের এ সংকটকালীন সময়ে আপনাদের ব্যাংক শাখার নিকটস্থ হাসপাতাল/স্বাস্থ্য কমপ্লেক্সে ব্যাংক শাখার উপযুক্ত প্রতিনিধি প্রেরণের মাধ্যমে উক্ত হাসপাতাল/স্বাস্থ্য কমপ্লেক্স কর্তৃপক্ষের সাথে আলোচনা করে প্রকৃত দরিদ্র ও অসহায় রোগী চিহ্নিত করার আবশ্যিকতা দেখা দিয়েছে। এ প্রেক্ষিতে হাসপাতাল/স্বাস্থ্য কমপ্লেক্স কর্তৃপক্ষের সাথে আলোচনা ও পরামর্শক্রমে তাদের চাহিদার নিরিখে স্বাস্থ্য অধিদণ্ডের কর্তৃক নির্ধারিত ডেঙ্গু জ্বরের রক্ত পরিষ্কা-নিরীক্ষা সংক্রান্ত সকল ফি প্রদানসহ খাড় কালেকশন, প্রয়োজনীয় ঔষধ পত্র, স্যালাইন, মশারী এবং অন্যান্য চিকিৎসা সেবা-সামগ্রী প্রদান করার লক্ষ্যে ব্যাংকগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। এ লক্ষ্যে আপনাদের ব্যাংকের সিএসআর কার্যক্রমের আওতায় বর্তমান দুর্যোগকালীন সময় মোকাবেলা করার জন্য ডেঙ্গু জ্বরে আক্রান্ত দরিদ্র ও অসহায় রোগীদের পাশে মানবিক দৃষ্টিকোণ থেকে সহযোগিতার হাত বাড়তে আপনাদেরকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্য, এ বিষয়ক ব্যয় জুন ১০, ২০১৫ তারিখের সার্কুলার লেটার নং-০৬ এর মাধ্যমে জারীকৃত ফরম্যাট এর ‘Social Projects/ Community Investment’ খাতের প্রযোজ্য উপর্যাতে প্রদর্শন করার জন্যও আপনাদেরকে নির্দেশনা দেয়া হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বাস্ত

(খন্দকার মোরশেদ মিল্লাত)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৩২০

E-mail: [morshed.millat@bb.org.bd](mailto:morshed.millat@bb.org.bd)